

স্কুলে অভিভাবকদের অপেক্ষার স্থান তৈরির সুপারিশ

যাযায়দিন রিপোর্ট

স্কুল ভবনের নিচে বা পাশে অভিভাবকদের অপেক্ষার উপযোগী স্থান তৈরির সুপারিশ করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।

মঙ্গলবার বিকালে জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত কমিটির ২৫তম বৈঠকে এ সুপারিশ করা হয়। কমিটির সভাপতি মমতাজ বেগম বৈঠকে সভাপতিত্ব করেন।

সংসদ সচিবালয় সূত্র জানায়, বৈঠকে বলা হয় ছাত্রছাত্রীদের স্কুলে নিয়ে আসা পিতা-মাতা বা অন্য অভিভাবকদের ফুটপাথ বা রাস্তার পাশে গাছের ছায়ায় অপেক্ষা করতে হয়। এভাবে দীর্ঘকাল অপেক্ষা করা কষ্টকর। এজন্য স্কুলের নিচতলায় বা পাশে অভিভাবকদের অপেক্ষা করার উপযোগী স্থানের ব্যবস্থা রাখা প্রয়োজন।

বৈঠকে সহকারী থানা প্রাথমিক শিক্ষা অফিসার (এটিইও) পদ প্রথম শ্রেণীতে উন্নীত করার সুপারিশ দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার পরামর্শ দেয়া হয়। বৈঠকে বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের শূন্য পদ পূরণের ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়। বৈঠকে চর এলাকায় অগ্রাধিকার

ভিত্তিতে স্থানান্তরযোগ্য স্কুল নির্মাণ করে পাঠদান কার্যক্রম পরিচালনার সুপারিশ করা হয়।

সংসদ সচিবালয় থেকে পাঠানো বিজ্ঞপ্তিতে জানানো হয়,

বৈঠকে ২০১৪ সালের মধ্যে বাংলাদেশকে নিরক্ষরমুক্ত করতে অনিতিরিং ব্যবস্থা জোরদার করে স্কুল থেকে করে পড়া ছাত্রছাত্রীদের সংখ্যা শূন্যের কোটায় নিয়ে যাওয়ার সুপারিশ করা হয়। তবে, পড়া ছাত্রছাত্রীদের বিদ্যালয়মুখী করতে

বিদ্যালয়গুলোয় ছাত্রছাত্রীদের বেলাখণ্ডা ও বিনোদনের সুযোগ করে দেয়ার সুপারিশ করা হয়। বৈঠকে প্রাথমিক বিদ্যালয়ে যাওয়ার উপযোগী শিশুদের বিভিন্ন শিল্পকারখানায় শিশুশ্রমে নিয়োগ দেয়া বন্ধ করতে আইনের কঠোর প্রয়োগের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সুপারিশ করা হয়।

কমিটির সদস্য প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী আফছারুল আযীন, অ্যাডভোকেট রহমান আতিক, আকাজউদ্দিন আহমেদ, আবদুল মান্নান, ডালুকদার মো. ইউনুস ও অধ্যক্ষ বাদিয়া হাভুস বৈঠকে অংশ নেন। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব-নিয়াজউদ্দিন মিয়ানহ সংশ্লিষ্ট কর্মকর্তার বৈঠকে উপস্থিত ছিলেন।